গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।
www.unopangsa.rajbari.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২৭৩.০০২.৯৯.০৮২.২০- ৫৬(২)

তারিখ : ১০ ফাল্গুন , ১৪২৮ বঙ্গাব্দ। / ২৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

## সরকারি জলমহাল ইজারা এবং অনলাইনে আবেদন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/নিবন্ধনকৃত মৎস্য চাষে সম্পৃক্ত সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩/০২/২০২২ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯. (অংশ-২)-৫৪ নং প্রজ্ঞাপন মোতাবেক সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুসারে বিশ একর পর্যন্ত বদ্ধ জলমহাল/খাসপুকুর বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিম্ন বর্ণিত জলমহাল সমূহ ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহব্বান করা যাচ্ছে। আবেদনের সময় ১০ ফাল্গুন ১৪২৮ থেকে ২৫ ফাল্গুন ১৪২৮ (২৩/০২/২০২২ খ্রি. থেকে ১০/০৩/২০২২ খ্রি.) পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন দাখিল করেত হবে ( এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে)। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি ও আবেদন ফি বাবদ প্রদত্ত ৫০০/-(পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ২৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্ন সাক্ষরকারীর কার্যালয়ে (অফিস চলাকালীন সময়ে) দাখিল করতে হবে। ভুল, মিথ্যাতথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনা যোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), পাংশা, রাজবাড়ী এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

### জলমহালের তালিকা, দরপত্র দাখিলের তারিখ এবং ইজারা মূল্য

| জলমহালের নাম | উপজেলা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারণকৃত সরকারি ইজারা মূল্য | | | অনলাইনে ইজারার দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|
| | ১৪২৯ সন | ১৪৩০ সন | ১৪৩১ সন | |
| হলুদবাড়িয়া খাল | ১১,০২৫/- | ১১,০২৫/- | ১১,০২৫/- | ১০ থেকে ২৫ ফাল্গুন, ১৪২৮ (২৩/০২/২০২২ থেকে ১০/০৩/২০২২ খ্রি. পর্যন্ত) |
| বরুরিয়া খাল | ৬,৮৩৬/- | ৬,৮৩৬/- | ৬,৮৩৬/- | |
| মুচিদহ খাল | ১১,০৮১/- | ১১,০৮১/- | ১১,০৮১/- | |
| ঢেঁকিপাড়া খাল | ১১,০২৫/- | ১১,০২৫/- | ১১,০২৫/- | |
| চন্দনা নদী, পারনারায়ণপুর ব্রীজ হতে কালিকাপুর ব্রীজ পর্যন্ত | ১৫,৭৫০/- | ১৫,৭৫০/- | ১৫,৭৫০/- | |

শর্তসমূহ

১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংকান্ত নির্দেশকা উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে;

২ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

৩। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে তবে আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্য প্রিন্ট করার জন্য অনুরোধ করা হলো।

৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবদ্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাংশা, রাজবাড়ী এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালা মুখবদ্ধ খামের উপরিভাগে ‘জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন’ স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের

নিম্নভাগে সমিতির নাম, ঠিকানা, মোবাইল নং লিখিত থাকতে হবে।

৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে উক্ত আবেদন সঠিক মর্মে বিবেচনা হবে না।

৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ যে কোন আবেদন/দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমূদয় আবেদন/দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব সাইট (www.unopangsa.rajbari.gov.bd) অথবা অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জানা যাবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

২৩/২/২২

(মোহাম্মাদ আলী)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

পাংশা, রাজবাড়ী।

স্মারক নং- ০৫.৩০.৮২৭৩.০০২.৯৯.০৮২.২০- ৫৬(৯)/১(২৫)

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ।
২৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী

অনুলিপি : অবগতি ও কার্যার্থে প্রেরন করা হলো

০৩। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/গোয়ালন্দ/বালিয়াকান্দি/কালুখালী, রাজবাড়ী।

০৪। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/গোয়ালন্দ/বালিয়াকান্দি/কালুখালী, রাজবাড়ী।

০৫। সহকারী কশিশনার (ভূমি), পাংশা, রাজবাড়ী।

০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাংশা থানা, পাংশা, রাজবাড়ী।

০৭। উপজেলা কৃষি অফিসার, পাংশা, রাজবাড়ী।

০৮। উপজেলা মৎস্য অফিসার, পাংশা, রাজবাড়ী।

০৯। উপজেলা সমবায় কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।

১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।

১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।

১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।

( ক্রমিক নং ০৫ থেকে ১২ পর্যন্ত ব্যক্তিদের বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত দিনে বিকাল ৩.০০ টায় জলমহালের টেন্ডার উন্মুক্তকরণ কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)

১২। সহকারী প্রোগ্রামার , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পাশা, রাজবাড়ী (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১৩। চেয়ারম্যান.............................................................ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী। (প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.......................................................................... ইউনিয়ন ভূমি অফিস, পাংশা, রাজবাড়ী।
(তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারান্তে ০৫ (পাঁচ) কার্যদিবসের দিবসের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

১৫। সম্পাদক....................................................................... (তাকে বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় সংক্ষিপ্ত আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২৩/২/২২

উপজেলা নির্বাহী অফিসার

পাংশা, রাজবাড়ী।